

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
কল্যাণ শাখা
www.mopa.gov.bd


নং ০৫.০০.০০০০.১২৩.০২.০৬৮.২০- ৩৮৬

২০ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ
তারিখ:-----
০৩ জুন ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়: বেসামরিক প্রশাসনে চাকরিরত অবস্থায় মৃত্যুবরণকারী সরকারি কর্মকর্তা/কর্মচারীর পরিবারের সদস্য/দুর্ঘটনায় আহত হয়ে স্থায়ীভাবে অক্ষম কর্মচারীদের আর্থিক অনুদান প্রদানের চেক গ্রহণের জন্য প্রতিনিধি প্রেরণ না করা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “বেসামরিক প্রশাসনে চাকরিরত অবস্থায় কোন সরকারী কর্মকর্তা/কর্মচারীর মৃত্যুবরণ এবং গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষমতাজনিত কারণে আর্থিক অনুদান প্রদান নীতিমালা, ২০১৩ অনুযায়ী ইতঃপূর্বে জেলা পর্যায়ে আর্থিক অনুদানের চেক সংশ্লিষ্ট জেলা প্রশাসক মহোদয়গণের মনোনীত প্রতিনিধির মাধ্যমে প্রেরণ করার নিয়ম প্রচলিত ছিল। এ মুহূর্তে বৈশ্বিক করোনা মহামারির প্রাদুর্ভাবের কারণে সচিবালয়ে বহিরাগতদের প্রবেশ, মাঠ প্রশাসন ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য কাজগুলো ঝুঁকিপূর্ণ বিধায় জেলা প্রশাসক মহোদয়গণের মাধ্যমে বিতরণযোগ্য চেকসমূহ বাংলাদেশ ডাক বিভাগের মাধ্যমে (জিইপি সার্ভিসের) সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়া জেলা পর্যায়ে বিবেচনাযোগ্য অনুদান সংক্রান্ত আবেদন বাহক মারফৎ প্রেরণ না করে সরাসরি কল্যাণ শাখায় বাংলাদেশ ডাক বিভাগের (জিইপি সার্ভিসের) মাধ্যমে প্রেরণ করা সমীচীন হবে।

২। এমতাবস্থায়, “বেসামরিক প্রশাসনে চাকরিরত অবস্থায় কোন সরকারী কর্মকর্তা/কর্মচারীর মৃত্যুবরণ এবং গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষমতাজনিত কারণে আর্থিক অনুদান প্রদান নীতিমালা, ২০১৩ অনুযায়ী অনুদান প্রদানের চেক বাংলাদেশ ডাক বিভাগের (জিইপি সার্ভিসের) মাধ্যমে প্রেরণ করা হবে বিধায় চেক গ্রহণের জন্য প্রতিনিধি প্রেরণ না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। জেলা পর্যায়ে বিবেচনাযোগ্য অনুদান সংক্রান্ত আবেদন বাহক মারফৎ প্রেরণ না করে সরাসরি কল্যাণ শাখায় বাংলাদেশ ডাক বিভাগের (জিইপি সার্ভিসের) মাধ্যমে প্রেরণ করা জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৬/০৬/২০২০
(মোহাম্মদ কামাল হোসেন)

উপসচিব

ফোন: ৯৫৪৯৬২১


E-mail: adminwelf@mopa.gov.bd

জেলা প্রশাসক
সকল।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র পোস্ট মাস্টার জেনারেল, বাংলাদেশ ডাক বিভাগ, জিপিও, ঢাকা (জনপ্রশাসন মন্ত্রণালয়ের কল্যাণ শাখা হতে মৃত্যু/দুর্ঘটনাজনিত কারণে আর্থিক অনুদানের চেক সংশ্লিষ্ট জেলায় স্বল্পতম সময়ে বিশেষ ব্যবস্থায় পৌঁছানোর অনুরোধসহ)।

- ৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৫। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সিস্টেমস্ এনালিস্ট, পিএসিসি জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। জিইপি ইনচার্জ, বাংলাদেশ ডাক বিভাগ, জিপিও, ঢাকা (জনপ্রশাসন মন্ত্রণালয়ের কল্যাণ শাখা হতে মৃত্যু/দুর্ঘটনাজনিত কারণে আর্থিক অনুদানের চেক সংশ্লিষ্ট জেলায় স্বল্পতম সময়ে বিশেষ ব্যবস্থায় পৌঁছানোর অনুরোধসহ)।
- ৮। অফিস কপি।


০৬/০৬/২০২০
(মোহাম্মদ কামাল হোসেন)
উপসচিব